



## উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়  
চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন -২০০৩ এর ১২(৩) ধারা মতে

### নিলাম বিজ্ঞপ্তি

এত দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ রেজাউল করিম, পিতা- মৃত কাঞ্চন মিয়া, হাজী পাড়া, কৈ গ্রাম, ডাকঘর-ফাজিলখার হাট, পটিয়া, জেলা- চট্টগ্রাম। তাহার মালিকানাধীন মেসার্স কাঞ্চন এন্ড সন্স, ঠিকানা: ৭৩ নং নতুন চাক্রাই, কোতোয়ালী, চট্টগ্রাম নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, চাক্রাই শাখা হতে সি সি হাইপো ঋণ সীমা গ্রহণ করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে তাঁর ভাই মোঃ খোরশেদ আলম এর মালিকানাধীন নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। ব্যাংকের পক্ষ হতে বার বার তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতা/বন্ধক দাতাগণের নিকট হইতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ২৫/০৫/২০২২ ইংরেজী তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ৮৫,৯৬,৪০৪.৯৭ (পঁচাশি লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত চার টাকা এবং সাতানব্বই পয়সা) টাকা। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংকের বরাবরে প্রদান করিয়াছেন। তাহাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। আগ্রহী ক্রেতাপণ কর্তৃক যেকোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে, যাহা আগামী ২৮-০৬-২০২২ ইংরেজী তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের চাক্রাই শাখায় রক্ষিত ব্যাল্সে দরপত্র জমা করিতে অথবা খামের উপর "সম্পত্তি ক্রয় দরপত্র" লিখিয়া রেজিস্টার্ড ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করিতে হইবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেও উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হবে। বন্ধকী সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে।

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০১/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হইবার পর উপরোলিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। প্রকাশ থাকে যে, দরপত্রের উল্লিখিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন / সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল উক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আবাসিককারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিভিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবেনা। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য গুরু খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

#### সম্পত্তির তফসীল

১. ৪.০০ শতক কৃষি জমি, থানা: পটিয়া, জেলা- চট্টগ্রাম, মৌজা- কৈ গ্রাম, জে এল নং-১৮, খতিয়ান নং-আর. এস. -১৫৮৬, বিএস-৩৩৮. বিএস মিউচেশন খতিয়ান নং- ২৫৯২, দাগ/প্লট নং- আর.এস- ৫৭২ (আর্থশিক) বিএস- ১৪৬৫ (আর্থশিক) মালিক মোঃ খোরশেদ আলম (প্রতিষ্ঠানের মালিকের ভাই)।
২. ১৯.০০ শতক কৃষি জমি, থানা: পটিয়া, জেলা- চট্টগ্রাম, মৌজা- কৈ গ্রাম, জে এল নং-১৮, খতিয়ান নং-আর. এস. -৩৪৮, বিএস-৯৭৩. বিএস মিউচেশন খতিয়ান নং- ২৭১২, দাগ/প্লট নং- আর.এস- ৯৪২ (আর্থশিক) বিএস- ১৯০৬ (আর্থশিক) মালিক মোঃ খোরশেদ আলম (প্রতিষ্ঠানের মালিকের ভাই)।
৩. ৯.৮৮ শতক আবাসিক জমি, থানা: পটিয়া, জেলা- চট্টগ্রাম, মৌজা- কৈ গ্রাম, জে এল নং-১৮, খতিয়ান নং-আর. এস. -৯৮২, বিএস-১৭২৭. বিএস মিউচেশন খতিয়ান নং- ২৬৫৯, দাগ/প্লট নং- আর.এস- ১৩১ (আর্থশিক), বিএস- ৬০ (আর্থশিক) মালিক মোঃ খোরশেদ আলম (প্রতিষ্ঠানের মালিকের ভাই)।

উপমহাব্যবস্থাপক ও চেয়ারম্যান,  
টেন্ডার কমিটি